**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ১২২-আইন/২০২১/১১/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এলপিজি সিলিন্ডার, অটো ট্যাঙ্ক এবং ভাল্ব ও বাঞ্জা প্রস্তুতকরণের লক্ষ্যে উক্ত Act এর FIRST SCHEDULE-ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (2) এ বর্ণিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণকে, উহাদের উপর আরোপণীয় Customs Duty (CD) যে পরিমাণে কলাম (3) এ বর্ণিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং মূল্য সংযোজন কর (VAT) যে পরিমাণে কলাম (4) এ বর্ণিত হারের পরিমাণ, ক্ষেত্রমত, রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

| H.S. Code | Description | CD | VAT |
|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) |
| 3402.90.90 | Degreasing agent | 10% | 15% |
| 3403.99.90 | Cutting or forming oil | 5% | 15% |
| 3810.90.10 | Submerge welding flux for LPG | 3% | 0% |
| 7208.27.10 | Flat-rolled products of iron or non-alloy steel, of a width of 600 mm or more, Hot-Rolled, Pickled, in coils of a thickness less than 3 mm | 5% | 0% |
| 7208.27.10 | Pickled Hot-Rolled coils | 3% | 0% |
| 7208.39.80 | Flat-rolled products of iron or non-alloy steel, of a width of 600 mm or more, hot-rolled, not clad, plated or coated of a thickness of less than 3 mm | 3% | 0% |
| 7214.99.00 | Carbon Steel S20C/SAF 1020 (42mmRD) | 5% | 0% |
| 7217.30.00 | Wire of iron or non-alloy steel plated or coated with other base metals | 3% | 0% |
| 7904.00.00 | Zinc Wire | 5% | 15% |
| 8311.30.00 | Welding wire | 5% | 15% |
| 8481.40.11 | Safety or relief valve inner diameter not exceeding 1 inch for LPG. | 3% | 0% |

**শর্তাবলি:**

(ক) TABLE এ উল্লিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ও বিস্ফোরক অধিদপ্তর কর্তৃক অনুমোদিত Industrial IRC Holder ও VAT Compliant এলপি গ্যাস সিলিন্ডার, অটো ট্যাঙ্ক এবং ভাল্ব ও বাঙ্গা প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিযোগ্য হইবে;

**ব্যাখ্যাঃ**

(অ) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(খ) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;

(গ) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ শুধু নিবন্ধিত এলপি গ্যাস সিলিন্ডার বা অটো ট্যাঙ্ক বা ভাল্ব ও বাঙ্গা প্রস্তুতকারী কারখানাতেই ব্যবহার করিতে হইবে এবং এই মর্মে আমদানিকারক ৩ (তিন) শত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে **পরিশিষ্ট-১** অনুযায়ী একটি অঙ্গিকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন।

২। পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত পণ্যসমূহ নিবন্ধিত এলপি গ্যাস সিলিন্ডার বা অটো ট্যাঙ্ক বা ভাল্ব ও বাঙ্গা প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করা হইয়াছে কি না উহা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা সরেজমিনে তদন্তপূর্বক তাহার স্বাক্ষরে **পরিশিষ্ট-২** অনুযায়ী একটি প্রত্যয়নপত্র সরেজমিনে তদন্তের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবর প্রেরণ করিবেন।

৩। দফা (২) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানিকারক প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে এবং তাহা দ্বারা উপকরণ উৎপাদ

সহগ অনুযায়ী এলপি গ্যাস সিলিন্ডার বা অটো ট্যাঙ্ক বা ভাল্ব ও বাঙ্গা প্রস্তুত হইয়াছে তাহা হইলে শর্তাবলির অনুচ্ছেদ (গ) দফা (৩) অনুযায়ী প্রদত্ত অঙ্গিকারনামা ফেরতযোগ্য হইবে, অন্যথায় প্রযোজ্য হারে শুল্ক, কর এবং অর্থদণ্ড বা জরিমানা আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

৪। ৩ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২৬-আইন/২০২০/৭৭/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৫। এই প্রজ্ঞাপন ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**অঙ্গিকারনামা**

**[শর্তাবলির অনুচ্ছেদ (গ) দ্রষ্টব্য]**

আমি ------------------------------------ (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ----- ----------------------------------------------------------------------(প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা ) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, প্রতিষ্ঠানটি আমদানি রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে শিল্প আইআরসি (নং.............) সম্বলিত এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ও বিস্ফোরক অধিদপ্তর কর্তৃক অনুমোদিত (অনুমোদনের কাগজাদি সংযুক্ত) একটি মূসক নিবন্ধিত এলপি গ্যাস সিলিন্ডার/অটো ট্যাঙ্ক/ভাল্ব ও বাঙ্গা প্রস্তুতকারী প্রতিষ্ঠান। আমি ঋণপত্র নং------------------- তারিখঃ- ------------- ইনভয়েস নং------------------ তারিখঃ --------------------- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ---------------------- তারিখঃ ---------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ এলপি গ্যাস সিলিন্ডার/অটো ট্যাঙ্ক/ভাল্ব ও বাঙ্গা প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করিব এবং উহার কোনো ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও Customs Act, 1969 এর অধীন শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষরঃ ...............................................

তারিখঃ মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নামঃ .............

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ..........................

**পরিশিষ্ট-২**
**প্রত্যয়নপত্র**
**[দফা ২ দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ---------------------------------- (সম্পূর্ণ নাম ও ঠিকানা) আমদানি রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে শিল্প আইআরসি সম্বলিত এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ও বিস্ফোরক অধিদপ্তর কর্তৃক অনুমোদিত একটি মূসক নিবন্ধিত এলপি গ্যাস সিলিন্ডার/অটো ট্যাঙ্ক/ভাল্ব ও বাল্ব প্রস্তুতকারী প্রতিষ্ঠান। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং -------------------------- তারিখঃ ------- ইনভয়েস নং ------------------- তারিখঃ ----------------- বিল অব এন্ট্রি নং -------------------- তারিখঃ ---------------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বা উহার অংশবিশেষ (অংশবিশেষ ব্যবহৃত হইলে উক্ত ব্যবহৃত অংশের পরিমাণ উল্লেখ করিতে হইবে) উল্লিখিত এলপি গ্যাস সিলিন্ডার/অটো ট্যাঙ্ক/ভাল্ব ও বাল্ব প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষরঃ ...........................................

নামঃ .............................................

তারিখঃ

পদবিঃ বিভাগীয় কর্মকর্তা
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট
বিভাগীয় দপ্তর, ................।

সীল।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**